গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
**www.rthd.gov.bd**

স্মাঃ ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.২০- ৬৩৭

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮
২৯ নভেম্বর ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, বেগম তামিনা তাসমিন (৬০২১৯২), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব, সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (পূর্বতন কর্মস্থল: সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, ঢাকা)- এর অনুকূলে ২০১৭-২০১৮ অর্থবছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় অস্ট্রেলিয়ার Swinburne University of Technology'তে সড়ক রক্ষণাবেক্ষণ কাজের উপর Master of Engineering (Research) এ অধ্যয়নের নিমিত্ত এ বিভাগের ০৬-১১-২০১৭ তারিখের ৩৫.০০.০০০০.০২২. ১৫.০৬০.১০-৭৭১ সংখ্যক পত্রে ১৪-১১-২০১৭ হতে ১৩-১১-২০১৯ পর্যন্ত ২(দুই) বছর মেয়াদী প্রেষণাদেশ (Deputation) মঞ্জুর করা হয়;

যেহেতু, পরবর্তীতে তার আবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী (সওজ) এর সুপারিশ মোতাবেক এ বিভাগের সওজ গেজেটেড ও সংস্থাপন শাখার ১৮-১১-২০১৯ তারিখের ৮৯৯ সংখ্যক স্মারকে প্রেষণের মেয়াদ ১৩-১১-২০১৯ হতে ২৮-১২-২০১৯ পর্যন্ত ১(এক) মাস ১৫(পনের) দিন বর্ধিত করা হয়। প্রেষণ শেষে তিনি গত ২৯-১২-২০১৯ তারিখে যোগদান করেন এবং নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে চলতি দায়িত্ব প্রদান করা হলে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক তাকে সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকায় পদায়ন করা হয়;

যেহেতু, তিনি সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকায় ০২-০২-২০২০ তারিখে যোগদানপূর্বক দায়িত্বভার গ্রহণ করে কর্মচারীদের বেতন বিল স্বাক্ষর করার পর হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। পরবর্তীতে তিনি গত ২২-০১-২০২০ তারিখ মঞ্জুরীকৃত প্রেষণাদেশের মেয়াদ (Deputation) ০২-০২-২০২০ হতে ০১-০৬-২০২০ তারিখ পর্যন্ত ৪(চার) মাস বর্ধিতকরণের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। প্রাপ্ত আবেদনপত্রের প্রেক্ষিতে মঞ্জুরীকৃত প্রেষণাদেশ বর্ধিতকরণের বিষয়টি স্পষ্টীকরণের নিমিত্ত কতিপয় তথ্যাদির প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক পুনরায় স্বয়ংসম্পূর্ণ আবেদন দাখিল করার জন্য বলা হলে তিনি তা না করে এবং কর্তৃপক্ষকে অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, তিনি সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকাতে যোগদানপূর্বক দায়িত্বভার গ্রহণের পর হতে গত ০২-০২-২০২০ তারিখ হতে বিনা অনুমতিতে ষ্টেশন ত্যাগ করে বিদেশে গমন করেন এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য পালনে চরম অবহেলা করেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) ও ২(চ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এবং 'পলায়ন' (Desertion) এর শামিল;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য তাকে একই বিধিমালার ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ০৫/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার ধারাবাহিকতায় উল্লিখিত বিধিমালার বিধি ৪(৩) (ঘ) অনুযায়ী চাকরি হতে কেন তাকে বরখাস্ত করা হবে না সে মর্মে ২৮-১০-২০২০ তারিখে রেজিস্টার্ড/এডি সহযোগে তার সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণ করে ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করতে চান কি-না তা অবহিত করার অনুরোধ করা হয়। কিন্তু তিনি নির্ধারিত সময়ে জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করেননি;

যেহেতু, অভিযোগবিবরণী ও অভিযোগনামা ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজন হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব এ এম এম রিজওয়ানুল হক, উপ-সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৪.১২.২০২০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আনীত বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং পলায়ন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদপ্রেক্ষিতে তাকে কেন গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার দাপ্তরিক, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

অঃপৃঃদ্রঃ-

যেহেতু, তার নিকট থেকে নির্ধারিত সময়ে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায়নি এবং তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী গুরুদন্ড "বাধ্যতামূলক অবসর প্রদান" এর সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এতদবিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বেগম তামিনা তাসমিন (৬০২১৯২), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব, সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (পূর্বতন কর্মস্থল: সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, ঢাকা)-কে "বাধ্যতামূলক অবসর প্রদান" এর সিদ্ধান্তের সাথে একমত পোষন করে;

যেহেতু, বেগম তামিনা তাসমিন (৬০২১৯২), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব, সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (পূর্বতন কর্মস্থল: সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩)(খ) অনুযায়ী "বাধ্যতামূলক অবসর প্রদান" গুরুদন্ড আরোপের বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সমীপে প্রেরণ করা হলে তিনি সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, এক্ষণে বেগম তামিনা তাসমিন (৬০২১৯২), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (পূর্বতন কর্মস্থল: সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩)(খ) মোতাবেক গত ০২-০২-২০২০ তারিখ থেকে "বাধ্যতামূলক অবসর প্রদান" গুরুদন্ডে দন্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯/১১/২০২১

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.২০-৩৩১ /১(১৪)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮
২৯ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন শাখা) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. বেগম তামিনা তাসমিন (৬০২১৯২), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (পূর্বতন কর্মস্থল: সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, ঢাকা)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি

২৯/১১/২০২১

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং..................
তারিখ...30/11/2021 স্বাক্ষর

D:\BY NAME\Tamina Tasnim\Letter.docx